

অ্যানেস্থেসিয়ার সাধারণ সমস্যা এবং ঝুঁকিসমূহ

স্বাভাবিক ওজনের সুস্থ, প্রাপ্ত বয়স্ক রোগীরা নিয়মিত অপারেশনের সময় জেনারেল অ্যানেস্থেটিক নিলে যেসব সাধারণ ঘটনা এবং ঝুঁকির সম্মুখীন হতে পারেন, সেসব এই সারসংক্ষেপ কার্ডটিতে দেখানো হয়েছে (বিশেষ অপারেশনে অন্য ধরণের ঝুঁকি থাকতে পারে)।

আধুনিক অ্যানেস্থেটিকগুলো অত্যন্ত নিরাপদ। অ্যানেস্থেটিক ওষুধ অথবা সরঞ্জাম ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা দীর্ঘস্থায়ী হয় না। বিভিন্ন ব্যক্তির ক্ষেত্রে ঝুঁকি ভিন্ন ভিন্ন হয় এবং তা কোন অপারেশন করা হচ্ছে এবং অ্যানেস্থেটিক কৌশলের ওপর নির্ভর করে। আপনার ক্ষেত্রে কোনও ঝুঁকির পরিমাণ বেশি বলে মনে করলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। আপনারও উচিত তাদের সাথে সেইসব বিষয় নিয়ে আলোচনা করা যা আপনার কাছে গুরুত্বপূর্ণ বলে মনে হয়।

এছাড়াও আরও কিছু বিরল ঝুঁকি রয়েছে যেগুলো নিয়ে অ্যানেস্থেটিস্টরা সাধারণত নিয়মিতভাবে আলোচনা করেন না, যদি না আপনার ক্ষেত্রে সেগুলো ঘটার উচ্চ সম্ভাবনা থাকে। এগুলো এই কার্ডে দেখানো হয়নি।



অত্যন্ত সাধারণ – ১০ জনের মধ্যে ১ জনের চেয়ে বেশি আপনার পরিবারের মধ্যে একজনের সমতুল্য



বমি বমি ভাব



কাঁপুনি



তৃষ্ণা বোধ করা*



গলা ব্যথা



কালশিটে



সাময়িক বিস্মৃতি (প্রধানত ৬০ বছরের বেশি বয়সীদের)



সাধারণ – ১০ জনে ১ জন এবং ১০০ জনে ১ জনের মধ্যে পাড়ার মধ্যে একজনের সমতুল্য



ইনজেকশন দেয়ার জায়গায় ব্যথা*



ঠোঁট এবং জিভে ছোটখাটো কাটাছড়া



সাধারণত ঘটে না – ১০০ জনে ১ জন এবং ১,০০০ জনে ১ জনের মধ্যে গ্রামের মধ্যে একজনের সমতুল্য



নার্তে ছোটখাটো আঘাত



বিরল – ১,০০০ জনে ১ জন এবং ১০,০০০ জনে ১ জনের মধ্যে একটা ছোট শহরের মধ্যে একজনের সমতুল্য



১,০০০ জনে ১ জন
প্রাণী স্নায়ুর স্থায়ী ক্ষতি



২,৮০০ জনে ১ জন
কর্নিয়াল ঘর্ষণ (চোখে
আঁচড় লাগা)



৪,৫০০ জনে ১ জন
দাঁতের ক্ষতি যার জন্য
চিকিৎসার প্রয়োজন হয়



১০,০০০ জনে ১ জন
অ্যানাফাইল্যাক্সিস
(Anaphylaxis)
(ওষুধের প্রভাবে তীব্র
অ্যালার্জিঘটিত
প্রতিক্রিয়া)



অত্যন্ত বিরল – ১০,০০০ জনে ১ জন এবং ১,০০,০০০ বা ততোধিক জনে ১ জনের মধ্যে একটা বড় শহরে একজনের সমতুল্য



আমাদের স্বাভাবিক জীবনে আমরা যে ঝুঁকি নিই, যেমন- সড়কে হ্রমণ, তারমাত্রা নীচের ঝুঁকি থেকে অনেক বেশি।



২০,০০০ জনে ১ জন

অ্যানেস্থেসিয়া চলাকালীন সচেতন থাকা



১,০০,০০০ জনে ১ জন
দৃষ্টি শক্তি হারানো



১,০০,০০০ জনে ১ জন
সরাসরি অ্যানেস্থেসিয়ার কারণে
মৃত্যু

*প্রথম স্প্রিন্ট জাতীয় অ্যানেস্থেসিয়া প্রকল্প (এসএনএপি -১) গবেষণা। Br J Anaesth 2016

(<https://academic.oup.com/bja/article/117/6/758/2671124>).